

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 04-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Finance Minister :

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় জানিয়েছেন রাজ্য সরকার বিভিন্ন বিদ্যালয়ে ওয়াইফাই সংযোগ দেওয়ার জন্য চিন্তাভাবনা করছে। শিক্ষা, স্বাস্থ্য, পানীয়জল, কৃষি প্রভৃতি অপরিহার্য ক্ষেত্রগুলির উন্নয়নে সরকার আন্তরিকভাবে কাজ করছে বলে তিনি জানান। গতকাল সাব্রুম ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত আন্তর্বিদ্যালয় ভিত্তিক আচার্য জগদীশ চন্দ্র বোস বিজ্ঞান মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন অর্থমন্ত্রী। দুইদিন ব্যাপী বিজ্ঞান মেলা ও প্রদর্শনীতে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের ১০৬টি বিজ্ঞান মডেল প্রদর্শিত হয়েছে। অনুষ্ঠানে মন্ত্রী শ্রী সিংহ রায় ভাষণে বলেন, রাজ্য সরকার ১২৫টি স্কুলকে বিদ্যাজ্যোতি স্কুলে রূপান্তরিত করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফরু মগ প্রমুখ।

President :

ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল বেঙ্গালুরুতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসের সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, উদ্ভাবনী গবেষণা এবং রোগীদের সেবামূলক কাজের সঙ্গে দৃঢ়তার সাথে পালন করা একাডেমিক কর্মসূচি নিমহান্সকে মানসিক স্বাস্থ্য এবং স্নায়ুবিজ্ঞানের ক্ষেত্রে একটি অবিসংবাদিত হাসপাতাল হিসাবে পরিগণিত করে তুলেছে। সম্প্রদায়ভিত্তিক মানসিক স্বাস্থ্য পরিষেবার বেঙ্গারি মডেল আজ ইতিহাস সৃষ্টি করেছে। এখন,

টেলি মানস পদ্ধতি অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে প্রতিটি ভারতীয় রাজ্যে, আঞ্চলিক ভাষায় মানসিক স্বাস্থ্য সেবা প্রদান করে চলেছে এই হাসপাতাল।

National Science congress :

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং গতকাল মধ্যপ্রদেশের ভূপালে আয়োজিত ৩১তম জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেসের উদ্বোধন করেন। ত্রিপুরা থেকে ১০ জন ছাত্রছাত্রী এই শিশু বিজ্ঞান কংগ্রেসে অংশ নিয়েছে। আগামী ৬ই জানুয়ারী পর্যন্ত এই বিজ্ঞান কংগ্রেস চলবে।

Governor Visit :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ ফটিকরায় দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের প্ল্যাটিনাম জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করবেন। তিনি বিদ্যালয়ের নতুন বিল্ডিং এর উদ্বোধনও করবেন। রাজ্যপাল আজ বিকালে আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন বলে তথ্য সংস্কৃতি দপ্তর সূত্রে জানা গেছে।

PM, Delhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল দিল্লিতে একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি জেজে ক্লাস্টারের বাসিন্দাদের জন্য প্রায় ১৭০০টি নবনির্মিত ফ্ল্যাটের উদ্বোধন করেন এবং অশোক বিহারে যোগ্য সুবিধাভোগীদের কাছে চাবি হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী দুটি শহুরী পুনঃউন্নয়ন প্রকল্পেরও উদ্বোধন করেন। এছাড়া দ্বারকায় প্রায় ৩০০ কোটি টাকায় নির্মিত সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের ইন্টিগ্রেটেড অফিস কমপ্লেক্সেরও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

বলেন যে ২০২৫ বিশ্বে ভারতের অবস্থানকে শক্তিশালী করার
বছর হবে।

Book Fair :

আগরতলা বইমেলাৰ দ্বিতীয় দিনে গতকাল বই প্রকাশ অনুষ্ঠানে ১৪টি নতুন বই এর আৱৰণ উন্মোচন হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওড়িশা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, মহিলা মহাবিদ্যালয়ের অধ্যাপিকা রত্নাবলী রায় সেনগুপ্ত, নাট্যকার সুভাষ দাস প্রমুখ। তথ্য সংস্কৃতি দপ্তর জানিয়েছে, গতকাল হাপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত আগরতলা বই মেলায় কবি সম্মেলনে ঊনকোটি, উত্তর ও পশ্চিম ত্ৰিপুরা জেলার ৪৬ জন কবি স্বরচিত কবিতা পাঠ করেন। বইমেলাৰ প্রথম দিনে ৩ লক্ষ ৯৪ হাজার ৯৯৫ টাকার বই বিক্রি হয়েছে।

Lui Brail :

আজ বিশ্ব ব্ৰেইল দিবস। লুই ব্ৰেইলের জন্মদিনকে স্মরণ করে, প্রতিবছর চৌঠা জানুয়ারী বিশ্ব ব্ৰেইল দিবস উদযাপন করা হয়। লুই ব্ৰেইল একটি স্পর্শ অনুভূতি সম্পন্ন লিপি তৈরি করে দৃষ্টিহীন এবং আংশিক দৃষ্টিশক্তি সম্পন্ন ব্যক্তিদের জন্য যোগাযোগের বিপ্লব ঘটিয়েছিলেন। ২০১৯ সাল থেকে বিশ্বব্যাপী উদযাপিত হয়ে আসছে এই দিনটি।

Rajib Bhattacharjee MP :

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল হাতাইকতরে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরন অনুষ্ঠানে বলেছেন স্লোগানে নয় কাজের মাধ্যমেই জনজাতিদের বিকাশের লক্ষ্যে কাজ করছে বর্তমান সরকার। হাতাইকতর এলাকায় জনজাতিদের শীতবস্ত্র ছাড়াও ছাত্রছাত্রীদের শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য, জনজাতি মোর্চার রাজ্য কমিটির নেতা বিপিন দেববর্মার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Vijay Hazare :

বিজয় হাজারে ট্রফি সিনিয়র ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা ষষ্ঠ তথা শেষ ম্যাচেও পরাজিত হয়েছে। গতকাল হায়দ্রাবাদে অনুষ্ঠিত খেলায় কেরালা ১৪৫ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে কেরালা ৫০ ওভারে ৫ উইকেটে ৩২৭ রান করে। জবাবে রাজ্যদল ৪২ ওভার ৩ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৮২ রান সংগ্রহ করতে সক্ষম হয়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা রয়েছে। রাজধানী আগরতলায় সকালে কুয়াশার দাপট দেখা গেছে। ঝিরঝিরে বৃষ্টির মতো কুয়াশা পড়ছে শহরে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২২ ডিগ্রির কাছাকাছি।
